শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০

স্মারক: ৩৭.০১.৭২০১.০১৪.১১.০০১.২২.২৫

তারিখ : ২১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়-এর নিম্নোক্ত শূন্য পদসমূহে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে উল্লেখিত শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের বিবরণী	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	পদের নাম: প্রভাষক বিভাগ: বাংলা, ইংরেজি, অর্থনীতি ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং গ্রেড: ৯ বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- বয়স: অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	বাংলা- ০১ ইংরেজি- ০১ অর্থনীতি- ০২ সিএসই-০২	১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। অর্থনীতি ও সিএসই বিভাগে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে এবং বাংলা ও ইংরেজি বিভাগে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। ২. এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে।
২.	পদের নাম: উপ-সহকারি প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল) গ্রেড: ১০ বেতন স্কেল: ১৬,০০০-৩৮৬৪০/- বয়স: অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	০১	১. স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) থাকতে হবে। ২. সংশ্লিষ্ট ক্ষেত্রে বিএসসি ইন ইলেক্ট্রিক্যাল/অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। ৩. সংশ্লিষ্ট কাজ সম্পর্কিত কম্পিউটার পরিচালনায় দক্ষতা আবশ্যক।
৩.	পদের নাম: অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর গ্রেড: ১৬ বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- বয়স: অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	০৪	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে। ২. কম্পিউটার (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট সার্ফিং ইত্যাদি) পরিচালনায় পারদর্শী হতে হবে। ৩. প্রার্থীকে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২০ (বিশ) শব্দ এবং ইংরেজিতে ৩০ (ত্রিশ) শব্দ টাইপিংয়ের গতি থাকতে হবে।
৪.	পদের নাম: অফিস সহায়ক গ্রেড: ২০ বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- বয়স: অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	০৫	১. প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২. সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।
৫.	পদের নাম: নিরাপত্তা প্রহরী গ্রেড: ২০ বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- বয়স: অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	০২	১. প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২. প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারি হতে হবে। ৩. সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর যোগ্যতা শিথিল করা যেতে পারে।

নির্দেশনা:

১. প্রার্থীকে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.shu.edu.bd) থেকে নির্ধারিত ফরম ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

২. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক **রেজিস্ট্রার, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা** (অস্থায়ী ক্যাম্পাস: কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নেত্রকোণা) বরাবর আবেদন করতে হবে।

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০

৩. সকল পরীক্ষায় উত্তীর্ণের সনদ, অভিজ্ঞতার সনদ, ইউনিয়ন কাউন্সিল/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের কাছ থেকে নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্র এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবিসহ সকল সনদের সত্যায়িত অনুলিপি সম্বলিত ০৩ (তিন) সেট আবেদনপত্র দাখিল করতে হবে। এছাড়া পরিপূর্ণ আবেদনপত্রের স্ক্যানকৃত সফটকপি recruitment@shu.edu.bd ই-মেইলে প্রেরণ করতে হবে।

৪. প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৫. আবেদনপত্রের সাথে **রেজিস্ট্রার, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়**, নেত্রকোণা এর অনুকূলে ১ ক্রমিকের পদের জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা, ২ থেকে ৩ ক্রমিকের পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা, ৪ ও ৫ ক্রমিকের পদের জন্য ৩০০/- (তিন শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে (অফেরতযোগ্য)।

৬. প্রার্থীদের পদের নাম ও বর্তমান ঠিকানাসহ ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেট সম্বলিত একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮. সরকারি নিয়মানুযায়ী যাবতীয় কোটাবিধি সংরক্ষণ করা হবে।

৯. আবেদনপত্র আগামী ২০/০৪/২০২২ তারিখ বিকাল ৩.০০টার মধ্যে **রেজিস্ট্রার, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা** (অস্থায়ী ক্যাম্পাস: কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নেত্রকোণা) বরাবর **ডাকযোগে** পৌঁছাতে হবে।

১০. বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

১১. জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।

১২. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদেরকে লিখিত/ব্যাবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/ব্যাবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. আবেদনকারী প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

১৫. প্রভাষক পদের ক্ষেত্রে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হতে পারে। তবে এমফিল/সমমান বা পিএইডি ডিগ্রির জন্য উল্লিখিত যোগ্যতার কোনো শর্ত কোনোভাবেই শিথিলযোগ্য হবে না।

১৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা/শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য।

১৭. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮. নির্বাচিত প্রার্থীদেরকে পুলিশ ভেরিফিকেশন ও মেডিকেল টেস্ট সম্পন্ন করে যোগদান করতে হবে।

১৯. নিয়োগ সংক্রান্ত তথ্য-উপাত্তের জন্য ই-মেইল: recruitment@shu.edu.bd ও ফোন: ০২৫৫০০০০৭৩ -তে যোগাযোগ করা যাবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-

8-8-2022

অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য
ট্রেজারার ও রেজিস্ট্রার (অ. দা.)